



Reg. No.Dha-0462

বাংলাদেশ মহিলা পরিষদ  
BANGLADESH MAHILA PARISHAD  
SUFIA KAMAL BHABAN  
10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000  
Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org  
E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com  
NGOs in consultative status with the Economic and Social  
Council [ECOSOC] of the United Nations

তারিখ: ০৩.০৫.২০২৩

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা/টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ/ প্রচারার্থে।

বিষয়: নেত্রকোণা জেলার বারহাটা উপজেলার প্রেমনগর ছালিপুরা গ্রামের স্কুলছাত্রীকে বখাটে কর্তৃক কুপিয়ে হত্যা করার ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতারসহ যথাযথ শাস্তির দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ০৩.০৫.২০২৩ তারিখ দৈনিক বিভিন্ন পত্রিকায় প্রকাশিত সংবাদে মাধ্যমে জানা যায়, নেত্রকোণা জেলার বারহাটা উপজেলার প্রেমনগর ছালিপুরা গ্রামের স্কুলছাত্রীকে বখাটে কর্তৃক কুপিয়ে হত্যার ঘটনা ঘটেছে। জানা যায়, প্রেমনগর ছালিপুরা উচ্চবিদ্যালয়ের দশম শ্রেণির শিক্ষার্থী ও বারহাটা নারী প্রগতি সংঘের ইয়ুথ গ্রুপের সদস্য বিদ্যালয়ে যাওয়া-আসার পথে তাকে প্রায়ই প্রেমের প্রস্তাব দিতেন একই গ্রামের সামসু মিয়ার ছেলে কাউসার মিয়া। ওই স্কুলছাত্রী প্রেমের প্রস্তাবে রাজি না হওয়ায় বিদ্যালয়ে যাওয়া-আসার পথে তাকে উত্ত্যক্ত করতেন কাউসার মিয়া। সপ্তাহখানেক আগে বিষয়টি কাউসারের পরিবারকে জানায় স্কুলছাত্রীর পরিবার। গত ২ মে ২০২৩ দুপুরের দিকে স্কুল থেকে বাড়ি ফেরার পথে কয়েকজন সহযোগীকে নিয়ে স্কুলছাত্রীর পথ আটকা কাউসার। একপর্যায়ে ধারাল দা দিয়ে স্কুলছাত্রীকে কুপিয়ে আহত করে কাউসার। পরে স্থানীয় লোকজন স্কুলছাত্রীকে উদ্ধার করে প্রথমে বারহাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও পরে নেত্রকোণা আধুনিক সদর হাসপাতালে নেন। সেখান থেকে উন্নত চিকিৎসার জন্য ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে নিলে চিকিৎসকেরা তাকে মৃত ঘোষণা করেন।

বর্তমান সময়ে আমরা লক্ষ্য করছি যে, স্কুল-কলেজ ও রাস্তায় চলাচলের পথে ছাত্রীরা উত্ত্যক্তকরণ ও যৌন সহিংসতাসহ বিভিন্ন ধরনের সহিংসতার শিকার হচ্ছে এবং এরফলে তাদের পড়ালেখা করা বন্ধ হওয়ার উপক্রম হচ্ছে। সেইসাথে নারী ও কন্যার জীবনের নিরাপত্তা চরমভাবে ব্যাহত হচ্ছে এবং তাদের স্বাধীন চলাচল ও স্বাভাবিক জীবনধারণ বিঘ্নিত হয়ে পড়ছে।

বাংলাদেশ মহিলা পরিষদ স্কুলছাত্রীকে ধারালো অস্ত্রের আঘাতে নির্মমভাবে আহত করে হত্যার ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করছে। ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতারসহ সূষ্ঠ ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে যথাযথ শাস্তি ও দ্রুত বিচারের দাবি জানাচ্ছে।

এ ধরনের নৃশংস ঘটনার পুনরাবৃত্তিরোধে নারী ও কন্যার নিরাপত্তা নিশ্চিতকরণে আশু কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সরকার, সংশ্লিষ্ট প্রশাসন ও মন্ত্রণালয়ের নিকট জোর দাবি জানাচ্ছে। সেইসাথে নারী ও কন্যার প্রতি সহিংসতা প্রতিরোধে পারিবারিক ও সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

ডা. ফাওজিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ